

## ভারতীয় সংবিধানের ইতিবৃত্ত

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

২০১৪র ২০ শে ফেব্রুয়ারি অবসরপ্রাপ্ত সদস্যদের আনুষ্ঠানিকভাবে বিদায় জানানো হল রাজ্যসভায়। এই বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানে ভারতীয় সংবিধান তৈরির ইতিবৃত্ত নিয়ে একটা ধারাবাহিক 'সংবিধান' এর বিশেষ অংশ দেখানো হল। রাজ্যসভা টিভির জন্য রাজ্যসভার সচিবালয় এই ধারাবাহিকটা তৈরি করেছে।

সামপ্রতিক কালে দেশের অন্যতম প্রথিতযশা চিত্র পরিচালক শ্যাম বেনেগল এই ধারাবাহিকটা তৈরি করেছেন। রাজ্যসভার সদস্য হিসেবে টানা ছ' বছর তিনি আমাদের সতীর্থ ছিলেন। চলচিত্র ও নাটকের বেশ কয়েকজন বিশিষ্ট অভিনেতা এই ধারাবাহিকে অভিনয় করেছেন। দশ পর্বে নির্মিত এই ধারাবাহিক আপাতত রাজ্যসভা টিভিতে দেখানো হবে। প্রত্যেকটা পর্ব একঘণ্টার। এই ধারাবাহিক তৈরির সময় মুম্বই এর স্টুডিওতে পার্লামেন্টের সেন্দ্রাল হলের আদলে সেট তৈরী করা হয়েছিল। এই সেটে সেন্দ্রাল হল হুবহু তুলে ধরতে এখানকার সাজসজ্জা, বাঁধানো ছবি, মঞ্চ, অঙ্কিতদর্শন পাখা সবই তুলে ধরা হয়। কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলির সভাপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ, খসড়া কমিটির চেয়ারম্যান ডঃ বি আর আশ্বেদকার, জওহরলাল নেহেরু, সর্দার প্যাটেল, মহম্মদ আলি জিনাহ, গোবিন্দ বল্লাভ পন্থ, রাজকুমারী অমৃত কাউর, মৌলানা আব্দুল কালাম আজাদ, এন গোপালস্বামী আয়েঙ্গার, প্রমুখের চরিত্র চিত্রণও অনুরূপ। বিতর্ক, আলোচনা, বক্তব্যের বিষয়ও কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলির ধারা বজায় রেখেই।

আমি এখন এই ধারাবাহিকের সমপ্রচারের অপেক্ষায় আছি। এর এক বলক যা আমি দেখেছি তাতে আমার কোনও সন্দেহ নেই যে ভারতের সংবিধান রচনার মনোমুগ্ধকর গল্প প্রকাশ্যে আনবে। আর বইয়ের থেকেও সিনেমা মাধ্যমের আবেদন অনেক বেশি। আর যেহেতু এর ব্যয়ভার পুরোটাই বহন করেছে রাজ্যসভা, এবং এক্ষেত্রে লাভের কোনও উদ্যেশ্য নেই তাই বিষয়টা আরও বড় লক্ষ্য পূরণ করবে। রাজ্যসভা টিভিতে সমপ্রচারের পর দূরদর্শন ও অন্যান্য বেসরকারি টেলিভিশন চ্যানেলেও এটি সমপ্রচারিত হবে। যাদের এ ব্যাপারে উৎসাহ আছে তাদের প্রত্যেকের এই ধারাবাহিকটা দেখা উচিত। বিশেষত, রাজনৈতিক দলের কর্মী,

জনপ্রতিনিধি, সংবাদ মাধ্যমের লোকজন, শিক্ষাবিদ ও ছাত্রদের অবশ্য দর্শনীয় এই ধারাবাহিক। ইউ টিউবেও এটি থাকবে যাতে পৃথিবীর যেকোনও প্রান্তের মানুষ এটা দেখতে পারেন।

একটা বেসরকারি চ্যানেলে "প্রধানমন্ত্রী" র সমপ্রচার দেখে এটা মনে হচ্ছে যে টেলিভিশন ও অন্যান্য ডিজিটাল মিডিয়ায় ইতিহাস অনেক আকর্ষণীয়ভাবে উপস্থাপিত করা যায়, যা এব্যাপারে উৎসাহী মানুষদের কাজে আসবে। যদি 'প্রধানমন্ত্রী' ও 'সংবিধান' এর পর্বগুলি জনমানসে সাড়া ফেলে তবে তা ভারতীয় ইতিহাস চ্যানেলের যাত্রাশুরু বলে আশা করা যায়।